

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

গাড়ীর অনুমিত আয়কর পরিশোধ সংক্রান্ত বিজ্ঞপ্তি

মোটর কার, জীপ ও মাইক্রোবাস মালিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসআরও-১৮৭-আইন/২০০৯, তারিখঃ ০১/০৭/২০০৯ এর মাধ্যমে ১ জুলাই, ২০০৯ তারিখ হতে গাড়ীর অনুমিত আয়ের উপর আয়কর পরিশোধের বিধান চালু করা হয়েছে। গাড়ীর মালিককে সংশ্লিষ্ট মোটর কার, জীপ বা মাইক্রোবাসের রেজিস্ট্রেশনের সময় অথবা ফিটনেস নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার পূর্বে নিম্নোক্ত হারে আয়কর পরিশোধ করতে হবে যা করদাতার নিয়মিত আয়করের সঙ্গে সমন্বয়যোগ্য। উল্লেখ্য যে, সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিদেশী দূতাবাস ও মিশনের মালিকানাধীন মোটর কার, জীপ বা মাইক্রোবাসের ক্ষেত্রে এরূপ আয়কর পরিশোধ প্রযোজ্য হবে না।

গাড়ীর ধরন		প্রদেয় আয় করের হার
(ক)	১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটর কার এর জন্য	৩,০০০/- টাকা
(খ)	২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটর কার এর জন্য	৪,০০০/- টাকা
(গ)	২০০০ সিসি'র উপর প্রতিটি মোটর কার এর জন্য	৭,০০০/- টাকা
(ঘ)	২৮০০ সিসি পর্যন্ত প্রতিটি জীপ এর জন্য	৬,০০০/- টাকা
(ঙ)	২৮০০ সিসি'র উপরে প্রতিটি জীপ এর জন্য	৮,০০০/- টাকা
(চ)	মাইক্রোবাস প্রতিটির জন্য	৩,০০০/- টাকা

গাড়ীর মালিকগণ কিভাবে উক্ত আয়কর পরিশোধ করবেন :

মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিক যে কর সার্কেলের অধিক্ষেত্রাধীন করদাতা সেই কর সার্কেলের উপকর কমিশনার এর বরাবর ইস্যুকৃত কোন তফসিলী ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে তিনি অনুমিত আয়করের অংক পরিশোধ করবেন।

গাড়ীর মালিকগণ কোথায় এবং কিভাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারটি জমা করবেন :

গাড়ীর মালিক যে সার্কেলের করদাতা সেই সার্কেলেই পে-অর্ডারটি জমা করবেন। তবে করদাতার সুবিধার্থে ঢাকাস্থ এবং চট্টগ্রামস্থ বিআরটিএ কার্যালয়ে আয়কর বিভাগের সেবাকেন্দ্র স্থাপন করা হয়েছে। করদাতা ইচ্ছা করলে উক্ত সেবাকেন্দ্রেও ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা করতে পারবেন। বিআরটিএ অফিসে ব্যবহারের জন্য সংশ্লিষ্ট পে-অর্ডারের একটি ফটোকপি করদাতাকে মূল ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের সংগে দাখিল করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডারে করদাতার নাম ও টিআইএন থাকে না বিধায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দেখে সংশ্লিষ্ট করদাতাকে সনাক্ত করা সম্ভব হয় না। ফলে পরিশোধিত আয়কর করদাতার নথিতে ক্রেডিট প্রদানে অসুবিধা হয়। তাই করদাতাকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের সংগে নিম্ন বর্ণিত একটি তথ্য ফরমও পূরণ করে দাখিল করতে হবে। এখানে উল্লেখ্য যে, তথ্য ফরমটির ফটোকপিও গ্রহণযোগ্য হবে।

করদাতা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংশ্লিষ্ট কর সার্কেলে জমা করলে সার্কেল কর্মকর্তা এবং সেবাকেন্দ্রে জমা করলে সেবাকেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মূল পে-অর্ডার/ব্যাংক ড্রাফট রেখে দিয়ে ফটোকপিটি সত্যায়িত করে এবং একই সঙ্গে পূরণকৃত তথ্য ফরমের এক অংশ স্বাক্ষর ও সীল দিয়ে করদাতাকে ফেরত প্রদান করবেন। কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত তথ্য ফরম ও সত্যায়িত পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের ফটোকপি করদাতা গাড়ীর রেজিস্ট্রেশন/ফিটনেস নবায়নকালে বিআরটিএ কার্যালয়ে দাখিল করবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

গাড়ীর জন্য অনুমতি আয়কর পরিশোধের তথ্য ফরম
(অফিস কপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

গাড়ীর জন্য অনুমতি আয়কর পরিশোধের তথ্য ফরম
(করদাতার কপি)

গাড়ীর মালিকের নাম	
বর্তমান ঠিকানা	
স্থায়ী ঠিকানা	
টি আই এন	
কর সার্কেল ও কর অঞ্চল	
গাড়ীর নং, ধরন ও অশ্বশক্তির পরিমাণ (সিসি)	
পরিশোধিত করের পরিমাণ	
ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং ব্যাংকের নাম ও তারিখ	
গাড়ীর মালিক/জমাকারীর স্বাক্ষর তারিখ :	

গাড়ীর মালিকের নাম	
বর্তমান ঠিকানা	
স্থায়ী ঠিকানা	
টি আই এন	
কর সার্কেল ও কর অঞ্চল	
গাড়ীর নং, ধরন ও অশ্বশক্তির পরিমাণ (সিসি)	
পরিশোধিত করের পরিমাণ	
ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং ব্যাংকের নাম ও তারিখ	
গ্রহণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল তারিখ :	